দৈঃ জনকণ্ঠ

তারিখ … 21 FEB 2015
পৃষ্ঠা … কলাম …

# লিবিয়ার বিশ্ববিদ্যালয় দখল করেছে আইএস

লিবিয়ার মধ্যাঞ্চলীয় শহর সির্তের পাবলিক বিশ্ববিদ্যালয় দখলে নিয়েছে
ইসলামিক স্টেটর (আইএস) প্রতি অনুগত জঙ্গীরা। বৃহস্পতিবার সির্তের
বাসিন্দারা এ খবর জানিয়েছেন। নাম প্রকাশে অনিচ্ছুক শহরটির এক
বাসিন্দা বলেছেন, গোষ্ঠীটি বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণ
নিয়েছে। দুই দিন আগে তারা শহরের প্রশাসনিক কমপ্লেক্স দখলে নিয়ে সব
কর্মীকে তাড়িয়ে দিয়েছে। খবর ওয়েব সাইটের।
সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে পোস্ট করা একটি ছবিতে
বিশ্ববিদ্যালয়টির প্রবেশ পথে আইএসের একটি পতাকা উড়তে দেখা
গেছে। সির্তের বাসিন্দারা জানিয়েছেন, জঙ্গীরা শহরের একটি রেডিও
স্টেশন ও অন্যান্য সরকারী ভবনগুলোও দখল করে নিয়েছে।
দু'দিন আগে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা এক ভিডিওতে
আইএসের পতাকা উড়ানো একটি গাড়ি বহরকে লিবিয়ার কোন একটি
শহরের দিকে এগিয়ে যেতে দেখা গিয়েছিল। ওই শহরটি সির্তে বলেই
ধারণা করা হচ্ছে। সির্তে লিবিয়ার সাবেক একনায়ক মুয়াম্মার গাদ্দাফির
জন্ম শহর। গাদ্দাফির পতনের পর শহরটি ইসলামপন্থী গোষ্ঠী আনসার
আল-শরিয়ার ঘাঁটিতে পরিণত হয়েছে। ২০১২ সালে লিবিয়ার দ্বিতীয়
বৃহত্তম শহর বেনগাজিতে যুক্তরাষ্ট্রের কন্স্যুলেটে হামলা চালানোর দায়ে
এই গোষ্ঠীটিকে অভিযুক্ত করে আসছে যুক্তরাষ্ট্র। ওই হামলায় লিবিয়ায়
নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত নিহত হয়েছিলেন। ত্রিপোলি ও পশ্চিম লিবিয়ার
একটি অংশ নিয়ন্ত্রণকারী লিবিয়ার আন্তর্জাতিক স্বীকৃতিহীন সমান্তরাল
সরকার সির্তের উদ্দেশে সেনাদল পাঠিয়েছে বলে সামরিক একটি সূত্র
জানিয়েছে। সির্তের রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর নিরাপত্তা রক্ষার জন্য
সেনাপ্রধান ১৬৬ ব্যাটালিয়নকে সেখানে পাঠিয়েছেন বলে জানিয়েছেন
ওই সূত্র। লিবিয়ার দুটি অংশ নিয়ন্ত্রণ করা দুটি প্রতিদ্বন্দ্বী সমান্তরাল
সরকার সহিংস ক্ষমতার দ্বন্দ্বে লিপ্ত। এতে তৈরি হওয়া শূন্যতার সুযোগ
নিচ্ছে জঙ্গীগোষ্ঠীগুলো। তারা উত্তর আফ্রিকার তেল সমৃদ্ধ এই দেশটির
বিভিন্ন অংশের নিয়ন্ত্রণ নিতে সফল হচ্ছে।